'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 4th Semester Examination, 2024

## GE2-P2-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর লেখোঃ ৩×৪ = ১২

(ক) কলাবৃত্ত ছন্দ কাকে বলে ? এই ছন্দকে আর কী কী নামে অভিহিত করা যায় ?

(খ) লয় কাকে বলে ? লয় কতপ্রকার ও কী কী ? দলবৃত্ত / স্বরবৃত্ত ছন্দ কোন লয়ের ছন্দ ?

(গ) শ্লেষ অলংকার কাকে বলে ? শ্লেষ কত প্রকার ও কী কী ? প্রত্যেক প্রকার শ্লেষের একটি করে উদাহরণ দাও।

(ঘ) ''ভারত ভারতখ্যাত আপনার গুণে'' — পংক্তিটির অলংকার নির্ণয় করো।

(ঙ) 'লোকসাহিত্য' গ্রন্থটি কার লেখা ? গ্রন্থটির প্রকাশকাল লেখো। আলোচ্য গ্রন্থে কয়টি প্রবন্ধ আছে ও কী কী ?

(চ) 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধটি কবে, কোন পত্রিকায় প্রকাশিত হয় ? 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধের ছড়াগুলিকে কয় ভাগে ভাগ করা হয়েছে ও কী কী ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর লেখোঃ ৬×৪ = ২৪

(ক) ছন্দোলিপি প্রস্তুত করোঃ

(অ) বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই।
মাগো আমার শোলোক বলা কাজলা দিদি কই।

(আ) খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে
বনের পাখি ছিল বনে।
একদা কি করিয়া মিলন হল দোঁহে
কি ছিল বিধাতার মনে।

(খ) দলবৃত্ত ছন্দ কাকে বলে ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(গ) উদাহরণসহ টীকা লেখোঃ

ব্যতিরেক, সমাসোক্তি, ব্যাজস্তুতি

(ঘ) অলংকার নির্ণয় করোঃ

(অ) সীতাহারা আমি যেন মণিহারা ফণী।

(আ) লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে।

(ই) সুখ অতি সহজ সরল,
কাননের প্রস্ফুটিত ফুলের মত –
শিশু আননের হাসির মত।

(ঙ) "আজ দুর্গার অধিবাস, কাল দুর্গার বিয়ে" — এই ছড়াটি 'লোকসাহিত্য' গ্রন্থের কোন প্রবন্ধের অন্তর্গত ? এই ছড়াটির মধ্য দিয়ে বাঙালী মায়েদের যে অন্তর্বেদনা ধরা পড়েছে, তা আলোচনা করো।

(চ) 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধের রাধা-কৃষ্ণবিষয়ক ছড়াগুলির মধ্যে যে প্রেমভাবনা প্রকাশ পেয়েছে তা আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর লেখোঃ ১২×২ = ২৪

(ক) মিশ্রকলাবৃত্ত ছন্দ কাকে বলে ? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) রূপক অলংকার কাকে বলে ? উদাহরণসহ এই অলংকারের প্রতিটি বিভাগ আলোচনা করো।

(গ) 'লোকসাহিত্য' গ্রন্থের অন্তর্গত 'ছেলেভুলানো ছড়া-১' প্রবন্ধের ছড়াগুলির মধ্য দিয়ে বাংলার সমাজ ও পরিবার জীবনের যে ছবি ধরা পড়েছে তা নিজের ভাষায় আলোচনা করো।

(ঘ) 'লোকসাহিত্য' গ্রন্থের অন্তর্ভুক্ত 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধটির বিষয়বস্তু আলোচনা করো।

——×——